বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০৩.২১.৮৬২-১২০২

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

**বিষয়ঃ আলিম পরীক্ষা ২০২৬-এর উত্তরপত্র দ্রুততম সময়ে জেলা পোস্ট অফিসের (জিইপি) এর মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকায় প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০২৬ সালের আলিম পরীক্ষা গত ০৮/০৮/২০২৬ তারিখে সম্পন্ন হয়েছে। তবে বৈরী আবহাওয়ার কারণে চট্টগ্রাম বিভাগের পাঁচটি জেলা (চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) এর কয়েকটি পরীক্ষা স্থগিত হওয়ায় সংশোধিত সময়সূচি অনুযায়ী আগামী ২০/০৮/২০২৬ হতে ০৯/০৯/২০২৬ তারিখ পর্যন্ত উক্ত স্থগিত পরীক্ষাসমূহ গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী স্বল্পতম সময়ে ২০২৬ সালের আলিম পরীক্ষার ফলাফল প্রকাশের লক্ষ্যে চট্টগ্রাম বিভাগের সংশ্লিষ্ট জেলাসমূহে অনুষ্ঠিত স্থগিত পরীক্ষার উত্তরপত্র পরীক্ষা গ্রহণের পর কোনো প্রকার বিলম্ব না করে একই দিনে সংশ্লিষ্ট জেলা পোস্ট অফিসের (জিইপি) এর মাধ্যমে দ্রুততম সময়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১-এর ঠিকানায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের অনুরোধ করা হলো।

এ ক্ষেত্রে উত্তরপত্রসমূহ যথাযথভাবে প্যাকেটজাত ও সিলগালা করে নির্ধারিত নিয়মে প্রেরণ এবং প্রেরণের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

**উল্লেখ্য নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০৩.২১.৮৬২-১১৯২; তারিখ: ১৩/০৮/২০২৬ স্মারকে জারিকৃত পত্রটি এতদ্বারা বাতিল করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৯/৮/২৬

**প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান
ও খাগড়াছড়ি জেলার কেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তা।

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০৩.২১.৮৬২-১২০১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা;
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা;
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা;
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

১৯/০৮/২৬

মোঃ আবুল খায়ের সরকার
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
ফোন: ০২২২৩৩৬৫২৪৮
E-mail: dcexam@bmeb.gov.bd

d:\moshiur rahman\আলিম 26\প্রধান পরীক্ষক কর্তৃক পোস্ট অফিসে উত্তরপত্র প্রেরণ.doc